



মন্ত্রিসভায় নতুন দায়িত্ব পেলেন স্বরাষ্ট্রমন্ত্রীসহ ৫ মন্ত্রী



ছবি: সংগৃহীত

‘সাইবার সুরক্ষা (সংশোধন) আইন, ২০২৬’-এর খসড়া পর্যালোচনা ও চূড়ান্ত করতে পাঁচ সদস্যের একটি মন্ত্রিসভা কমিটি গঠন করেছে সরকার।

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী ফকির মাহবুব আনামকে কমিটির আহ্বায়ক করা হয়েছে। কমিটির সদস্য হিসেবে রয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান, তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন এবং আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান।

মন্ত্রিপরিষদ বিভাগের জারি করা এক প্রজ্ঞাপনে জানানো হয়েছে, কমিটি সাইবার সুরক্ষা (সংশোধন) আইন, ২০২৬-এর খসড়া বিস্তারিতভাবে পর্যালোচনা করবে এবং প্রয়োজনীয় সুপারিশসহ চূড়ান্ত মতামত সরকারের কাছে উপস্থাপন করবে।

LENS ASIA